অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 18/7/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের খামারের ভবিষ্যৎ নিয়ে কথা বলতে স্টেটব্যাপী শ্রবণ সফরের সূচনা করলেন

লং আইল্যান্ডের স্টেকহোল্ডারদের সাথে গোলটেবিল বৈঠক স্টেটব্যাপী শ্রবণ সফরের সূচনা করলো

সেশনগুলি নিউ ইয়র্কের খামারি এবং খামারের ভবিষ্যৎ নিয়ে কথা বলতে কৃষিশিল্পের সাথে যুক্ত হবে

প্রথম সেশনগুলি অনুষ্ঠিত হবে সাফোক ও ব্রুম কাউন্টিতে

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্ক স্টেটের খামারের ভবিষ্যতের ব্যাপারে একটি স্টেটব্যাপী শ্রবণ সফরের (listening tour) সূচনা করলেন। শ্রবণ সফরের সিরিজটি স্টেটকে সরাসরি খামারিদের থেকে জলবায়ু, কর্মীবাহিনী, এবং অর্থনৈতিক কাঠিন্যের ব্যাপারে তাদের অগ্রাধিকার সম্পর্কে শুনতে দিবে এবং এটি কৃষি, পুষ্টি, এবং পরিবেশ খাতে অতি গুরুত্বপূর্ণ তহবিল ও পলিসি পরিবর্তনের জন্য স্টেটের ফেডারেল অগ্রাধিকারকে অবগত করতে সাহায্য করবে। গভর্নর হোকল সাফোক কাউন্টির ব্রুনো ফার্ম (Bruno Farm) পরিদর্শন করে শ্রবণ সফরের সূচনা করেন এবং সেখানে খামারিদের থেকে তাদের সাফল্য ও উদ্বেগের ব্যাপারে শোনার জন্য লং আইল্যান্ড ফার্ম ব্রুয়ারি (Long Island Farm Brewery)/ওয়াটার ড্রিংকার ফ্যামিলি ফার্মের (Water Drinker Family Farm) স্টেকহোল্ডারদের সাথে একটি গোলটেবিল সেশন আয়োজন করেন। গভর্নর এবং লেফটেনেন্ট গভর্নর আগামী মাসগুলিতে কৃষি কমিশনার রিচার্ড এ. বলের আয়োজিত শ্রবণ সেশনগুলির (Listening Sessions) সাথে যুগপৎভাবে স্টেটজুড়ে সফর অব্যাহত রাখবেন, যেখানে একাধিক সেশন নির্ধারিত করা হয়েছে যাতে নিশ্চিত করা যায় যে স্টেটব্যাপী খামার সম্প্রদায়ের যাতে নিজেদের মত প্রকাশের একটি সুযোগ থাকবে।

"নিউ ইয়র্কের কৃষি শিল্প আমাদের অর্থনীতির, আমাদের সম্প্রদায়সমূহের, এবং আমাদের জীবনযাপনের পন্থার জন্য অত্যাবশ্যকীয়, এবং আমরা নিশ্চিত করতে চাই যেই মহামারী থেকে পুনরুদ্ধারের সময় যাতে আমরা খামারের উপর বিশেষ গুরুত্ব দিতে পারি," **গভর্নর হোকল বলেন।** "আমাদের খামারগুলি সর্বদা আমাদের পাশে আছে, এবং আমাদেরকে তাদের পাশে থাকতে হবে, এবং এই শ্রবণ সফরগুলি আমাদেরকে কৃষি সম্প্রদায়ের সমস্যা ও সুযোগ নিয়ে কাজ করতে সাহায্য করবে। নিউ ইয়র্কের খামারিদের এবং সকল নিউ ইয়র্কবাসীর প্রতি আমার

বার্তা হলো: আমি আপনাদের কথা শোনার জন্য, আপনাদের সমর্থন করার জন্য এবং আপনাদের কাছে গুরুত্বপূর্ণ এমন বিষয়ে পদক্ষেপ নেওয়ার জন্যই এখানে আছি।"

"আমাদের কৃষিশিল্পের জন্য একটি সম্ভবপর ও টেকসই ভবিষ্যৎ নিশ্চিত করার জন্য নিউ ইয়র্কের আমাদের খামারিদের সাথে কাজ করা অতি গুরুত্বপূর্ণ," **লেফটেন্যান্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো বলেন।** "যখন আমি কংগ্রেসে ছিলাম, আমার সবথেকে বড় অগ্রাধিকারগুলির একটি ছিলো আমাদের স্টেটের খামারিদের সাথে কাজ করা এবং তহবিল ও পলিসি উভয় ব্যাপারে ফেডারেল সরকারের সমর্থন পেতে কাজ করা। শ্রবণ সফল খামারিদের থেকে তাদের অর্জন ও উদ্বেগের ব্যাপারে সরাসরি শোনার জন্য এবং কৃষি শিল্পকে উন্নত করতে সাহায্য করার জন্য আমরা কী পদক্ষেপ নিতে পারি তা আলোচনা করার জন্য একটি দারুণ উপায়।"

স্টেটব্যাপী শ্রবণ সফর স্টেটের কর্মকর্তাদের এবং কৃষিশিল্পের নেতৃবৃন্দকে নাগরিকদের সাথে যুক্ত হয়ে নিউ ইয়র্ক স্টেটের 2023 খামার বিলের (2023 Farm Bill) গুরুত্ব এবং কীভাবে এটি নিউ ইয়র্কের খামারসমূহকে বিকশিত ও টেকসই হতে সাহায্য করবে সে সম্পর্কে তাদের কথা শুনতে একটি সুযোগ প্রদান করে। নিউ ইয়র্ক স্টেট কৃষি ও বাজার ডিপার্টমেন্ট (New York State Department of Agriculture and Markets, AGM) এবং সমকক্ষ স্টেট এজেন্সিগুলির সাথে যৌথভাবে আয়োজিত সফরটি আজকে শুরু হয় সাফোক কাউন্টির রিভারহেডের সাফোক কাউন্টি কমিউনিটি কলেজে (Suffolk County Community College)। কমিশনের বলের সাথে যোগ দেয় নিউ ইয়র্কস্টেটের স্বাস্থ্য ডিপার্টমেন্টের (New York State Department of Health, DOH)নির্বাহী ডেপুটি কমিশনার ডাঃ ইউজিন হেসলিন এবং নিউ ইয়র্ক ফার্ম ব্যুরোর (New York Farm Bureau) প্রতিনিধিগণ।

দ্বিতীয় সেশনটি নির্ধারিত হয়েছে ব্রুম কাউন্টির বিংহ্যামটনে, সোমবার, 25 জুলাই, দুপুর 1:00টায়, কর্নেল কোঅপারেটিভ এক্সটেনশন ব্রুম কাউন্টিতে (Cornell Cooperative Extension Broome County)। কমিশনার বলের সাথে স্টেটের অংশীদারগণ, অ্যাসেম্বলি কৃষি কমিটির (Assembly Agriculture Committee) প্রধান ডোনা লুপার্ডো, এবং নিউ ইয়র্ক ফার্ম ব্যুরোর প্রতিনিধিগণ। অংশগ্রহণকারীরা বিংহ্যামটন সেশনের জন্য RSVP করতে পারবেন FarmBill@agriculture.ny.gov এ ইমেইল করে।

স্টেটজুড়ে অনুষ্ঠিত অন্যান্য সেশনগুলি আগামী সপ্তাহগুলিতে ঘোষিত হবে। লিখিত মতামত জমা দেওয়া যাবে FarmBill@agriculture.ny.gov।

স্টেটের কৃষি কমিশনার রিচার্ড এ. বল বলেন, "নিউ ইয়র্ক স্টেটে আমাদের কৃষি সম্প্রদায়ের সকল খাতে খামার বিলটির একটি দুর্দান্ত প্রভাব রয়েছে, এবং আমরা আমাদের অংশীদার ও স্টেকহোল্ডারদের কাছে শুনতে চাই যে তাদের জন্য কী জরুরি। যখন আমরা অ্যালবানিতে আসন্ন খামার বিল সেশন চলাকালীন সময়ে আমাদের খামারিদের পক্ষে কথা বলার জন্য প্রস্তুতি নিচ্ছি, তখন আমরা আমাদের কাছে প্রদত্ত মতামত গুরুত্ব সহকারে গ্রহণ করবো এবং আমাদের পলিসির অগ্রাধিকারকে অবগত করতে তা ব্যবহার করবো। আমি সকলকে উৎসাহিত করছি আজকের ঘোষিত সেশনগুলির একটিতে আমাদের সাথে যোগ দিন বা গ্রীষ্মের বাকি অংশ ও

ফল মৌসুমে আমরা যখন আমাদের মহান স্টেটব্যাপী আপনাদের কথা শুনতে সফর করবো, তখন আমাদের সাথে যোগ দিন।"

স্টেটের সিনেটর মিশেল হিঞ্চি বলেন, "নিউ ইয়র্কের খামারিদের এমন সকল কক্ষের টেবিলে একটি আসন প্রয়োজন যেখানে বড় শিল্প-সংজ্ঞায়িত করার বিষয়সমূহ নিয়ে আলোচনা করা হয়, সার্বিক কৃষিখাতে যার ব্যাপক সুদূরপ্রসারী প্রভাব থাকবে। এই শ্রবণ সফরগুলি আমাদের কৃষি সম্প্রদায়ের জন্য 2023 ফেডারেল খামার বিলটি তৈরির অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রক্রিয়ায় মত প্রকাশের একটি গুরুত্বপূর্ণ সুযোগ প্রদান করে, যাতে বিলটি ক্ষুদ্র-থেকে-মাঝারি আকারের নিউ ইয়র্ক খামারিদের জন্য কাজ করে, বিশেষ করে যেহেতু এটি এমন একটি জাতীয় ল্যান্ডস্কেপ যেখানে প্রায়শই বড় কৃষি খামারকে অগ্রাধিকার প্রদান করা হয়। আমি ব্যাপক ব্যাপ্তির স্টেকহোল্ডারদের কাছ থেকে এ ব্যাপারে শুনতে চাই যাদের সাক্ষ্য নিউ ইয়র্ক স্টেটের অগ্রাধিকারের প্রতিফলনকারী একটি ফেডারেল খামার বিলের জন্য আমাদের লড়াইকে জোরদার করবে।"

অ্যাসেম্বলি সদস্য ডোনা লুপার্ডো বলেন, "শ্রবণ সফরগুলি আমাদের জন্য দারুণ একটি সুযোগ যাতে করে আমরা স্টেট ও ফেডারেল কৃষি পলিসি দ্বারা সবথেকে বেশি প্রভাবিত স্টেকহোল্ডারদের কথা সরাসরি শুনতে পারি। সংগৃহীত মতামত নিউ ইয়র্ককে আমাদের খামার বিলের অগ্রাধিকার এমনভাবে তৈরি করতে দিবে যাতে চলমান তহবিল ও পলিসি সমস্যাগুলির সমাধান হয়। আমি চাই যাতে এখানে ব্যাপকভাবে মানুষ যোগদান করে যাতে করে আমরা অনেক দৃষ্টিভঙ্গি শুনতে পারি।"

নিউ ইয়র্ক ফার্ম ব্যুরোর প্রেসিডেন্ট ডেভিড ফিশার বলেন, "খামার বিলটি অনেকগুলি অত্যাবশ্যকীয় কর্মসূচির জন্য অতি গুরুত্বপূর্ণ তহবিল প্রদান করে যার উপর খামারিরা নির্ভরশীল, যার মধ্যে রয়েছে ঝুঁকি ব্যবস্থাপনা সমর্থন, সংরক্ষণ সহায়তা, এবং প্রয়োজনীয় গবেষণা। আমরা খামারিদের উৎসাহিত করছি নিউ ইয়র্ক স্টেট কৃষি এবং বাজার ডিপার্টমেন্টকে আমাদের বৈচিত্র্যময় কৃষি সম্প্রদায়ের প্রয়োজনকে অগ্রাধিকার প্রদান করার কাজে সাহায্য করতে শ্রবণ সেশনে যোগ দান করার জন্য। নিউ ইয়র্ক ফার্ম ব্যুরো কমিশনার রিচার্ড বল এবং তার দলকে শ্রবণ সফর আয়োজন করার জন্য ধন্যবাদ জানাচ্ছে যাতে আমাদের খামারিরা খামার বিলের কোন অংশকে মূল্য দেয় তা খামারিরা নিজের মুখে বলতে পারে।"

এই সফরে সংগৃহীত মতামত খামারের ভবিষ্যতে নিউ ইয়র্ক স্টেটের পলিসি এজেন্ডা এবং একই সাথে 2023 খামার বিল নবায়ন আলোচনার সময় অতি গুরুত্বপূর্ণ তহবিল ও পলিসি পরিবর্তনের ব্যাপারে স্টেটের অগ্রাধিকার তৈরি করতে ব্যবহার করা হবে।
খামার বিলটি একটি সর্বজনীন, বহু বছরের আইন যা কৃষি ও খাদ্য কর্মসূচির একটি ব্যাপ্তির তত্ত্বাবধান করে। সর্বশেষ খামার বিল, 2018 কৃষি অ্যাক্টের (Agricultural Act of 2018) মেয়াদ 2023 সালের শুরুর দিকে শেষ হয়ে যাবে।

খামার বিলটি দ্বারা প্রধান প্রধান যেসব খাত প্রভাবিত হবে এবং যে ব্যাপারে শ্রবণ সফরে আলোচনা করা হবে তার মধ্যে রয়েছে কৃষি গবেষণা, প্রাণীর রোগ, সংরক্ষণ এবং জলবায়ু

স্থিতিস্থাপকতা, সাইবার নিরাপত্তা, খাদ্য নিরাপত্তা, হেম্প, আক্রমণাত্মক প্রজাতি, স্থানীয় খাদ্য ব্যবস্থা, বিশিষ্ট ফসল ব্লক অনুদান (Specialty Crop Block Grants), এবং বাণিজ্যের প্রচার।

কৃষি নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতির একটি প্রধান চালক এবং নিউ ইয়র্ক স্টেটের ভূমি ঘনত্বের মাত্র এক চতুর্থাংশ, বা 7 মিলিয়ন একর খামারি জমি হিসেবে নিবেদিত আছে। প্রায় 33,000 পারিবারিক খামার বিশ্বের সেরা খাবারগুলির মধ্যে কিছু উৎপাদন করে এবং এর সম্প্রদায়সমূহকে সমর্থন করে এমন 30টি ভিন্ন পণ্যের ক্ষেত্রে স্টেট শীর্ষ 10 তালিকায় রয়েছে। নিউ ইয়র্ক মার্কিন যুক্তরাষ্ট্রের কটেজ পনির, সাওয়ার ক্রিম, এবং দইয়ের সর্ববৃহৎ উৎপাদক; স্টেট ম্যাপল সিরাপ, আপেল, এবং বাঁধাকপিতে দ্বিতীয় অবস্থানে; আঙুরে তৃতীয় অবস্থানে; এবং ফুলচাষে চতুর্থ স্থানে আছে। এছাড়াও এটি সবুজ মটরশুঁটি, স্কোয়াশ, এবং দুগ্ধ উৎপাদনে পঞ্চম স্থানে রয়েছে, যা স্টেটের কৃষি খাতের সর্ববৃহৎ অংশ। প্রায় 3,500 দুগ্ধ খামারিরা নিউ ইয়র্ক স্টেটে বার্ষিক 15.5 বিলিয়ন পাউন্ড দুধ উৎপাদন করে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন